উপজেলা পরিষদ কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/ভালুকা/উপজেলা কমিটি/২০২৩-                    তারিখঃ ০৬/০৯/২০২৩ খ্রিঃ।

<u>নোটিশ</u>

ভালুকা উপজেলা পরিষদের যুব ও ক্রীড়া উন্নয়ন উপজেলা কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী **১১/০৯/২০২৩ খ্রিঃ** সকাল **১১.০০** ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ রফিকুল ইসলাম পিন্টু)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভালুকা, ময়মনসিংহ।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ</u>

১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ময়মনসিংহ।
৫। উপজেলা শিক্ষা অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৭। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভালুকা,ময়মনসিংহ।
৮। ম্যানেজার, বাংলাদেশ সোনালী ব্যাংক লিঃ, ভালুকা উপজেলা শাখা।
৯। চেয়ারম্যান.................................................... ইউ.পি. ভালুকা,ময়মনসিংহ।
১০। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

## যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটি সভার কার্যবিবরণী:

সভাপতি ঃ জনাব মোঃ রফিকুল ইসলাম পিন্টু, উপজেলা ভাইস চেয়ারম্যান, ভালুকা, ময়মনসিংহ।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ ঃ ১১/০৯/২০২৩ খ্রিঃ, সময় ঃ দুপুর ১২:৩০ ঘটিকায়

### সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সদস্য সচিব কে ভালুকা উপজেলায় যুব ও ক্রীড়া উন্নয়ন কার্যক্রমের উপর গুরুত্বারোপ করেন।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | সভাপতি জানান যে, এলাকার বেকার যুবক-যুবতীরা লেখাপড়া শেষ করে অনেকেই চাকরীর জন্য বিভিন্ন স্থানে ছুটোছুটি করে, এক পর্যায়ে বেকারত্বের গ্লানী নিয়ে হতাশায় ভোগে এবং নানাবিধ অনৈতিক কাজে লিপ্ত হয়ে পরে। বিশেষ করে দরিদ্র অসহায় পরিবারের বেকার যুবক যুবতী যাদের লেখা পড়াও কম তাদের হতাশা এবং উদ্দেগের কারন অনেক বেশী। ইদানিং কালে পরিলক্ষিত হচ্ছে যে, সমাজে বেকার যুবকের সংখ্যা দিন দিন বেড়েই চলছে। এই বেকার দরিদ্র যুবকদেরকে যদি কোন আয় বৃদ্ধিমূলক প্রশিক্ষনের মাধ্যমে তাদেরকে আয়ের উৎসের পথ দেখানো যায় তাহলে বেকার যুবকরা যেমন স্বাবলম্বী হবে তেমনি তাদের দরিদ্র অসহায় পরিবার কিছুটা স্বচ্ছলতার মুখ দেখতে পাবে পাশাপাশি যুবকরাও সমাজে উন্নয়নের অগ্রযাত্রায় অগ্রণী ভূমিকা রাখতে ক্ষমতায়িত হবে।<br>সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান উপজেলার যুব ও ক্রীড়া উন্নয়নে যুবদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের পক্ষ হতে বিভি কর্মসূচী বাস্তবায়ন হচ্ছে তবে তহবিল স্বল্পতার জন্য অনেক উদ্যোগ/ পরিকল্পনা বাস্তবায়ন করা সম্ভব হয়ে উঠে না।<br>ভালুকা উপজেলার কিছু সংখ্যক বেকার যুবকদেরকে আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডের সাথে সম্পৃক্ত করার জন্য তাদেরকে সময়োপযোগী বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান করে যদি দক্ষ মানব সম্পদে পরিনত করা যায় তাহলে তাদেরকে অন্যরা অনুসরণ করবে এবং এর মাধ্যমে এলাকায় কিছু উদ্যোগতাও সৃষ্টি হবে। সভায় উপস্থিত সদস্যগন স্থানীয় চাহিদা পর্যালোচনা করে প্রস্তাব করেন যে বর্তমানে যুবকদের জন্য মোবাইল সার্ভিসিং, মহিলাদের হাতের তৈরী বিভিন্ন হস্তশিল্প/শো-পিস তৈরী, যুবকদের লার্নিং এন্ড আর্নিং (ফ্রী ল্যান্সীং) বিষয়ক প্রশিক্ষণ ও ব্লক - বাটিক প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ এর ব্যাপক চাহিদা রয়েছে এ বিষয়ে যদি বেকার যুবক ও যুব মহিলাদের জন্য কোন প্রশিক্ষন প্রদান করা যায় তাহলে আশা করা যাচ্ছে প্রশিক্ষণ প্রাপ্তীর পর এই সকল বেকার যুবক ও যুব মহিলাগণ তাদের পরিবারের ও নিজের জন্য কর্মস্থানের একটা পথ খুঁজে বেড় করতে পারবে। উপস্থিত সদস্যগণ উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পের সহায়তায় উল্লেখিত বিষয়ে বেকার যুবক ও যুব মহিলাদের জন্য আয়দ্ধিমূলক প্রক্ষিনের উদ্যোগ গ্রহণ করার জন্য সুপারিশ করেন।<br>উপজেলার যুব সমাজের সার্বিক উন্নয়নের জন্য সংশ্লিষ্ট বিভাগের সকলকে আরো আন্তরিকতার সহিত কাজ করার জন্য সভাপতিঅনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পের সহায়তায়-<br>বেকার যুবক ও যুব মহিলাদের জন্য আয় বৃদ্ধি জন্য মোবাইল সার্ভিসিং, ক্রিস্টাল পাথরের দ্বারা শো-পিস তৈরী, যুবকদের লার্নিং এন্ড আর্নিং (ফ্রী ল্যান্সীং) বিষয়ক প্রশিক্ষণ ও ব্লক/বাটিক প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ)দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষন প্রদানের লক্ষ্যে তিনটি প্রশিক্ষন উপ-প্রকল্প অনুমোদনের জন্য প্রস্তাব আকারে উপজেলা পরিষদের নিকট দাখিল করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ জানানো হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।


(মোঃ রফিকুল ইসলাম পিন্টু)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ভালুকা।

স্মারক নং-যুব/ ভালুকা/২০২৩- তারিখঃ ১১/০৯/২০২৩ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। উপ-পরিচালক স্থানীয় সরকার , ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৫। চেয়ারম্যান..........................................ইউপি, ভালুকা, ময়মনসিংহ।

উপজেলার যুব উন্নয়ন অফিসার
ভালুকা, ময়মনসিংহ।

## ১১/০৯/২০২৩ খ্রিঃ তারিখ যুব ও ক্রীড়া উন্নয়ন  বিষয়ক উপজেলা কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরশীট

| ক্রমিক নং | সদস্যদের নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ রফিকুল ইসলাম পিন্টু,<br>ভাইস চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ, ভালুকা। | আহবায়ক |  |
| ২. | জনাব সেলিনা আক্তার,<br>মহিলা ভাইস চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ। | সদস্য |  |
| ৩. | চেয়ারম্যান,<br>৪নং ধীতপুর ইউনিয়ন পরিষদ,<br>ভালুকা, ময়মনসিংহ। | সদস্য |  |
| ৪. | সভাপতি / সম্পাদক<br>উপজেলা ক্রীড়া সংস্থা<br>ভালুকা, ময়মনসিংহ। | সদস্য |  |
| ৫. | উপজেলা যুব উন্নয়ন অফিসার,<br>ভালুকা, ময়মনসিংহ। | সদস্য সচিব |  |